গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dakop.khulna.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৪৭১৭.০০২.০২.০০৩.২৬- ৯১৭

তারিখ : ০৪ ফাল্গুন ১৪৩২ বঃ
১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন নীতিমালা-২০০৩ এর ২ ধারা মোতাবেক খুলনা জেলার দাকোপ উপজেলাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট সমূহ বাংলা ১৪৩৩ সালের ০১লা বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দিষ্ট ফরমে (সিডিউল ফরম) মুখবন্ধ খামে সকল আগ্রহী ব্যক্তির নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম দফায় শুধুমাত্র " জন্মগত পেশাদার পাটনীগণের" জন্য সংরক্ষিত থাকবে। পরবর্তী পর্বগুলোতে সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবেন তবে জন্মগত পেশাদার পাটনী অগ্রাধিকার পাবেন।

আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহের নাম,সরকারি মূল্য এবং সিডিউলের মূল্য তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক নং | খেয়াঘাটের নাম | ইউনিয়নের নাম | ১৪৩৩ বঙ্গাব্দের সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১. | জয়নগর খেয়াঘাট | কামারখোলা-তিলডাঙ্গা | ৩৮,৫০০/- | ৬০০/- |
| ২. | রামনগর (খোপাদী) | কামারখোলা-কৈলাশগঞ্জ | ৩,৫২০/- | ৪০০/- |
| ৩. | কালীবাড়ী খেয়াঘাট | সুতারখালী-তিলডাঙ্গা | ২,৮৬০/- | ৪০০/- |
| ৪. | সুতারখালী খেয়াঘাট | সুতারখালী- কৈলাশগঞ্জ | ১,০০০/- | ৪০০/- |
| ৫. | কামারখোলা- খোনা খেয়াঘাট | কামারখোলা-খোনা | ২,৮১,২৭০/- | ১,০০০/- |
| ৬. | কালীনগর খেয়াঘাট | কামারখোলা-দাকোপ | ৭,১৫,০০০/- | ১,৫০০/- |
| ৭. | বটবুনিয়া খেয়াঘাট | কামারখোলা-তিলডাঙ্গা | ৪,১৮,০০০/- | ১,২০০/- |
| ৮. | পোদ্দারগঞ্জ খেয়াঘাট | পানখালী-দাকোপ | ৫৩,১২,২৬৬/- | ২,৫০০/ |
| ৯. | শ্রীনগর খেয়াঘাট | কামারখোলা-কৈলাশগঞ্জ | ১১,৫৫,০০০/- | ২,০০০/- |

দরপত্র বিক্রয়, দাখিল ও দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়সহ সভার তারিখঃ

| পর্ব | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৫/০২/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ২৬/০২/২০২৬ বেলা ১.০০ টা | ২৬/০২/২০২৬ বেলা ৩.০০ টা | পাশলিখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোন বার যে কোন হাটের দরপত্র অনুমোদিত হলে উক্ত হাটের পরবর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে |
| ২য় | ১১/০৩/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ১২/০৩/২০২৬ বেলা ১.০০ টা | ১২/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৩য় | ৩০/০৩/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ৩১/০৩/২০২৬ বেলা ১.০০ টা | ৩১/০৩/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৪র্থ | ০৮/০৪/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ০৯/০৪/২০২৬ বেলা ১.০০ টা | ০৯/০৪/২০২৬ বেলা ৩.০০ টা | |
| ৫ম | ২৭/০৪/২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত। | ২৮/০৪/২০২৬ বেলা ১.০০ টা | ২৮/০৪/২০২৬ বেলা ৩.০০ টা | |

### শর্তাবলী ঃ

০১। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছকে বর্ণিত আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩৩ সালের ০১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদান করা হবে ।

০২। দরপত্র ফরম (সিডিউল ) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি),দাকোপ , সোনালীব্যাংলিঃ,চালনা বাজার শাখা, দাকোপ থানা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা থেকে যে কোন কার্যদিবসে অফিস চলাকালিন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে ।

০৩। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে এ উপজেলার যে কোন তফসিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ডিডি/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা এর অনুকূলে জমা দিতে দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৪। জন্মগত পেশাদার পাটনীর সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সদ্য ইস্যূকৃত সনদপত্রে " জন্মগত পেশাদার পাটনী " উল্লেখ থাকতে হবে এবং একই কালিতে বা একই টাইপে হতে হবে। চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রে কোনরূপ কাটাকাটি বা ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না।

০৫। দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ অবশ্যই একসাথে পরিশোধসহ ভ্যাট ইজারা মূল্যের ১৫% (কোড নং। ১-১১৩৩-০০০১-০৩১১) এবং ১০% অর্থ আয়কর (কোড নং : ১-১১৪১-০০৫৫-০১১১) খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি এ অফিসে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার অবশিষ্ট টাকা এবং ভ্যাট ও আয়করের টাকা জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক ইজারা বাতিল করা হবে। এবং যথাশীঘ্রই উক্ত খেয়াঘাটের পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৬। এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খেয়াঘাটের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে সংশ্লিষ্ট মহলের দৃশ্যমান একাধিক স্থানে অনুমোদিত টোল চার্ট টানিয়ে প্রচার করবেন।

০৯। প্রত্যেক খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে (দরপত্রদাতার না, পিতার নাম এবং পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই মহল অন্যের নিকট খেয়াঘাট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পূনঃ ইজারা প্রদান করা হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের পর ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল-১৯৯১ মোতাবেক নির্দিষ্ট ফরমে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্রে দরপত্র দাতার মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

১৪। ইজারাদার যাত্রীদের পারাপারের জন্য উপযুক্ত পরিমাণ নৌযান সরবরাহসহ যাত্রীদের উঠানামার জন্য নিজ খরচে ঘাট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১৫। সকল সরকারি/আধা সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীকে কার্য উপলক্ষে বিনা মাশুলে পারাপার করতে হবে।

১৬। উল্লেখিত শর্তাবলী ও চুক্তিপত্রের শর্ত এবং ১৮৮৫ সালের বেঙ্গল ফেরী এ্যাক্ট এর বিধান ভঙ্গ করলে ইজারা বাতিলসহ জমাকৃত সমূদয় অর্থ বাজেয়াপ্ত করে ফেরীঘাট/খেয়াঘাটটি পূনরায় ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭.০২.২০২৬

মোঃ বোরহান উদ্দিন মিঠু
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ,খুলনা
unodacope@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৪৭১৭.০০২.০২.০০৩.২৬- ১১৭ তারিখঃ ০৪ ফাল্গুন ১৪৩২ বঃ / ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। বিভাগীয় কমিশনার, খুলনা

২। জেলা প্রশাসক, খুলনা

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা

৪। প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা

৫। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, কয়রা, ডুমুরিয়া, বটিয়াঘাটা,দিঘলিয়া, ফুলতলা, তেরখাদা, রুপসা, খুলনা

৬। সহকারী কমিশনার (ভূমি), দাকোপ,খুলনা

৭। অফিসার ইনচার্জ, দাকোপ থানা।

৮। উপজেলা ..............................................................অফিসার(সকল), দাকোপ,খুলনা।

৯। চেয়ারম্যান/প্রশাসক.................................................... (সকল) ইউ পি, দাকোপ,খুলনা। তাকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তিটির বিষয়ে মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................................... (সকল) ইউনিয়ন ভূমি অফিস, দাকোপ,খুলনা। তাঁকে নিজ এলাকায় অবস্থিত হাট বাজারসমূহের ইজারার বিজ্ঞপ্তিটির বিষয় হাটের দিন ঢোলসহরত/মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। জনাব............................................................(প্রাক্তন ইজারাদার ) দাকোপ, খুলনা

১২। উপজেলা আইসিটি কর্মকর্তা, দাকোপ, খুলনা বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য

১৩। অফিস নথি ।

১৭.02.2026


মোঃ বোরহান উদ্দিন মিঠু
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ,খুলনা
unodacope@mopa.gov.bd